দৈনিক বাংলা

তারিখ 09 JUL 1988
পৃষ্ঠা ৮ কলাম 3

...049

# টেকস্ট বুক বোর্ডে

জনম

জাতীয় শিক্ষাক্রম ও টেকস্ট বুক বোর্ড কর্তৃক প্রকাশিত মাধ্যমিক বাংলা সাহিত্য বইটির সর্বশেষ পুনর্মুদ্রণ হয়েছে ডিসেম্বর ৮৭তে। এর আগে মুদ্রণ জানুয়ারী ৮৭'তে হয়। বর্তমানে বাজারে দুটো মুদ্রণের বই-ই পাওয়া যাচ্ছে। নবম শ্রেণীর ছাত্র-ছাত্রীরা উভয় মুদ্রণের যে যেটা পেয়েছে সে বই-ই কিনেছে। যেহেতু ডিসেম্বর ৮৭তে কেবল জানুয়ারী '৮৭ পুনঃমুদ্রণ হয়েছে। কাজেই দুটো মুদ্রণের মধ্যে কোন পার্থক্য থাকার কথা নয়। বোর্ড কর্তৃপক্ষও জানুয়ারীর '৮৭ মুদ্রণ না কেনার জন্য কোন বিজ্ঞপ্তি দেননি। কিন্তু বই কেনার পর ক্লাস শুরু করতে গিয়ে দেখা গেল জানুয়ারী ৮৭'তে এবং ডিসেম্বর '৮৭তে মুদ্রিত বইয়ে সিলেবাসের অন্তর্ভুক্ত গদ্যাংশের ১৪টি রচনার মধ্যে ১০টিতেই প্রশ্নাবলী পুনঃবিন্যাস করা হয়েছে। অর্থাৎ জানুয়ারী '৮৭-এর মুদ্রণে যেসব প্রশ্ন ছিল ডিসেম্বর '৮৭ মুদ্রণে তার পরিবর্তন ঘটেছে। ডিসেম্বরের মুদ্রণে ব্যাখ্যা টিকা সহ ৮টি প্রশ্ন দেওয়া হয়েছে। একই ধরনের ব্যাপার পল্লী সাহিত্য রাষ্ট্রনীতি ও স্বাধীনতা আমার ছেলেবেলা মেজদিদি রসনা বিলাস মানুষ মুহাম্মদ গল্পের প্রশ্নাবলীতেও লক্ষ্য করা যায়। অকস্মাৎ এই প্রশ্ন পুনঃ বিন্যাসের ফলে যারা জানুয়ারীতে মুদ্রিত বইটি কিনেছে তাদের জন্য যেমন অসুবিধার সৃষ্টি হয়েছে তেমনি ডিসেম্বরের মুদ্রণ বইটি যারা কিনেছে তারাও একই অসুবিধার শিকার হয়েছে। আমরা তাই এব্যাপারে সংশ্লিষ্ট বিভাগের উর্ধ্বতন কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করছি।

সুকান্ত সাহাও
আশীষদে (অপু)
সরিষাবাড়ী জামালপুর